গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধর্মপাশা, সুনামগঞ্জ-৩০৪০

স্মারক নং- ০৫.৪৬.৯০৩২.০১৮.০০.০১১.২৩.৬৭১ তারিখঃ ২২/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬**
**ফ্যামিলি কার্ড খানা তথ্য ভান্ডারের তথ্য সংগ্রহ**
**শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচি'র 'ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬'-এর আলোকে দেশব্যাপী আগামী ০১/০৮/২০২৬ খ্রিস্টাব্দ হতে ১৪/০৯/২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত **(৪৫ দিন ব্যাপী)** ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে অত্র উপজেলায় তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার ও আইসিটি সুপারভাইজার পদে জনবল নেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আহ্বান করা হচ্ছে।

| ক্রম | পদের নাম | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১ | তথ্য সংগ্রহকারী (৪৫ জন) | ক) ন্যূনতম এইচএসসি/সমমান পাস<br>খ) বয়সঃ ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে/ লিখতে/ কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সরেজমিনে কাজ করতে সক্ষম ও সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপ কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত<br>ঘ) মৌখিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর | ক) এনআইডি, জন্ম নিবন্ধন কপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক |
| ২ | সুপারভাইজার (প্রতি ১০ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ১ জন) - ০৪ জন | ক) ন্যূনতম স্নাতক ডিগ্রী/সমমান পাস<br>খ) বয়সঃ ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ওয়েব এপ্লিকেশন দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান, প্রকৃত এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) প্রতিটি গণনা এলাকা শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনঃযাচাই<br>গ) সন্ধ্যার পর ওয়েব এপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও এপ আপডেট নিশ্চিত করা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত<br>ঘ) মৌখিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর | ঐ |

**আবেদন ফরম প্রাপ্তি ও দাখিলের স্থানঃ উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ**

**আবেদন ফরম বিতরণের তারিখ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি**

| ক্রম | আবেদন ফরম বিতরণ ও দাখিলের তারিখ ও সময় | মৌখিক পরীক্ষা |
|---|---|---|
| ১ | ২২ জুলাই ২০২৬ থেকে ২৫ জুলাই ২০২৬<br>অফিস চলাকালীন | ২২ জুলাই থেকে ২৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ<br>সকাল ১০ ঘটিকা |

**অন্যান্য শর্তাবলীঃ**

১. তথ্য সংগ্রহকারীকে শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;
২. শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম **০৮ (আট)** ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে;

৩. তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে এবং তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি/অনিয়ম করা যাবে না;
৪. কোনক্রমেই অপতথ্য/ভুল তথ্য/মন গড়া তথ্য এন্ট্রি দেওয়া যাবে না;
৫. সংগৃহীত তথ্যের গোপনীয়তা বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করতে হবে;
৬. ট্যাবলেট বা প্রযুক্তিগত যন্ত্রপাতি নিরাপদে/সযত্নে সংরক্ষণ করতে হবে;
৭. কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া যাবে না/ ভয় দেখানো যাবে না;
৮. ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল হবে এবং প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে এবং
৯. নিরপেক্ষভাবে তথ্য সংগ্রহ করতে হবে।

২২/০৭/২৬

জনি রায়
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ধর্মপাশা, সুনামগঞ্জ-২৪৫০

স্মারক নং- ০৫.৪৬.৯০৩২.০১৮.০০.০১১.২৩.৬৭১ তারিখঃ ২২/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো
১. মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-১, বাংলাদেশ জাতীয় সংসদ;
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ;
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ;
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ;
৫. সহকারী কমিশনার (ভূমি), ধর্মপাশা, সুনামগঞ্জ;
৬. অফিসার-ইন-চার্জ, ধর্মপাশা থানা, সুনামগঞ্জ;
৭. উপজেলা --------------কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জ;
৮. জনাব--------------------, সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, ধর্মপাশা, সুনামগঞ্জ;
৯. জনাব--------------------, সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, ধর্মপাশা, সুনামগঞ্জ;
১০. চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ধর্মপাশা, সুনামগঞ্জ;
১১. জনাব--------------------, ধর্মপাশা, সুনামগঞ্জ;
১২. অফিস কপি।

২২.৭.২৬

তৌফিক আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ধর্মপাশা, সুনামগঞ্জ-২৪৫০